ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 004 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০০৪ ● কলকাতা ● ১৯ পৌষ, ১৪৩২ ● রবিবার ● ০৪ জানুয়ারি ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 163

## হিমালয়ের সমর্পণ যোগ



"আমি এক আত্মা"-র অনুভূতিই আধ্যাত্মিক প্রগতির প্রথম কদম। চল, ওঠ, এবার ফিরে যাওয়া যাক।" এই বলে তিনি ফেরার রাস্তায় চলতে শুরু করলেন।

যাওয়ার সময় আমার ঐ রাস্তা বড় লম্বা লেগেছিল এবং আমার চলতেও ভারী লাগছিল। আমি ভারী মন নিয়েই গিয়েছিলাম।

ক্রমশঃ

# সন্দেশখালিতে আক্রান্ত পুলিশ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

সন্দেশখালিতে পুলিশের উপর হামলার ঘটনায় নাম জড়িয়েছে তৃণমূল কর্মী মুসা মোল্লার। সন্দেশখালিতে মুসার বিরুদ্ধে অবৈধ ভাবে জমি দখলের অভিযোগ উঠেছিল। অভিযোগ ছিল, শেখ শাহজাহানের কায়দায় চাষের জমিতে নোনা জল ঢুকিয়ে দিয়ে ভেড়ি করছিল মুসা। এ নিয়ে মামলায় হয়। তারপরই ওই জমির উপর ১৪৪ ধারা জারি করে আদালত।এর আগেও বারে বারে রাজ্যের বিভিন্ন প্রান্তে আক্রান্ত হতে হয়েছে পুলিশকে। গত ২৩ ডিসেম্বর বিধাননগরে চুরির মামলায় ট্যাংরায় অভিযুক্তকে ধরতে গেলে পুলিশের উপর হামলা চলে। আহত হন ৭ জন পুলিশকর্মী। ২ নভেম্বর ভিআইপি রোডের উপর বাইক বাহিনীর তাণ্ডবে বাধা দেওয়ায় পুলিশ কর্মীদের মারধরের অভিযোগ উঠেছিল দমদম পার্ক

এরপর ৩ পাতায়



# বালি পাচার মামলায় বড় সাফল্য ইডির, দুর্নীতির ছক ১৪৫ কোটি



**বেবি চক্রবর্ত্তী**

রাজ্যে বালি পাচার মামলায় বড় সাফল্য পেল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। জিডি মাইনিংয়ের কর্ণধার অরুণ শরাফ-সহ একাধিক অভিযুক্তের বিরুদ্ধে চার্জশিট জমা দিল ইডি। গ্রেপ্তারের ৬০ দিনের মধ্যেই শনিবার ব্যাংকশালে ইডির বিশেষ আদালতে মোট ১৪টি সংস্থার বিরুদ্ধে এই চার্জশিট পেশ করা হয়েছে।

পাশাপাশি ইডির দাবি, এই মামলায় প্রায় ১৪৫ কোটি টাকার আর্থিক দুর্নীতির প্রমাণ মিলেছে। জিডি মাইনিং-সহ মোট ১৪টি সংস্থার মাধ্যমে এই বিপুল অর্থ বিভিন্ন খাতে সরানো হয়েছে বলে তদন্তে উঠে এসেছে। এছাড়াও গত ৬ নভেম্বর ইডির হাতে গ্রেপ্তার হন জিডি মাইনিংয়ের মালিক অরুণ শরাফ। তদন্তকারী সংস্থার অভিযোগ, ওয়েস্ট বেঙ্গল স্যান্ড (মাইনিং, ট্রান্সপোর্ট, স্টোরেজ অ্যান্ড সেল) বা WBMDTCL-এর নিয়মকানুন সম্পূর্ণ উপেক্ষা করেই বালি খনন ও বিক্রির মাধ্যমে তিনি বিপুল মুনাফা করেন। ইডির দাবি, জালিয়াতির প্রায় সব কৌশলই এই কর্মকাণ্ডে ব্যবহার করা হয়েছে।

তদন্তে আরও অভিযোগ উঠেছে, অরুণ শরাফ অন্তত ৭৯ কোটি টাকার সরকারি অর্থ আত্মসাৎ করেছেন। তাঁর সংস্থার ব্যাঙ্ক লেনদেনেও বড়সড় গরমিল ধরা পড়েছে। ইডির তথ্য অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবর্ষে সংস্থার ব্যাঙ্ক অ্যাকাউন্টে মোট ১৩০ কোটি টাকা জমা পড়লেও বালি বিক্রির মাধ্যমে জমা পড়েছে মাত্র ১০৩ কোটি টাকা। শুধু জিডি মাইনিং নয়, আরও একাধিক সংস্থার বিরুদ্ধেও চার্জশিটে বালি পাচারের বিস্তারিত চিত্র তুলে ধরেছেন তদন্তকারীরা। এই অভিযোগ অনুযায়ী, বালি পরিবহণের জন্য নির্দিষ্ট লরির নম্বর দিয়ে অনুমতি নেওয়া হলেও সেই একই নম্বর ব্যবহার করে একাধিক লরিতে বালি পরিবহণ করা হত। ফলে কাগজে-কলমে অনুমোদিত লরি দেখালেও বাস্তবে বহু লরি দিয়েই অবৈধভাবে বালি পাচার চলত, যা প্রশাসনের নজর এড়িয়ে যেত। প্রসঙ্গত বালি তোলার অনুমতিপত্রে থাকা কিউআর কোড জাল করার অভিযোগও উঠেছে। তদন্তে নেমে এই সমস্ত অনিয়মের তথ্য সংগ্রহ করেই ইডি আদালতে চার্জশিট জমা দিয়েছে বলে জানা গিয়েছে।

# পিকনিকের মরশুমে' কুয়াশায় দুর্ঘটনা রুখতে ব্যাপক সচেতনতা প্রচার পুলিশের

**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**



ঘন কুয়াশা তার উপর অনেক চালক মাদ্যপ থাকেন।ফলে যে কোনো সময় ঘটতে পারে দুর্ঘটনা।এবার তাই আইনশৃঙ্খলা রক্ষার পাশাপাশি দুর্ঘটনা রুখতে সচেতনতা প্রচারে নামল পুলিশ।ফালাকাটা থানার পক্ষে শুক্রবার থেকে মাইকিং,পোস্টার সহ পিকনিক স্পট গুলিতে দাঁড়িয়ে সচেতনও করা হচ্ছে।পুলিশের এমন উদ্যোগকে স্বাগত জানিয়েছে সাধারণ মানুষ।

ফালাকাটা থানার আইসি প্রশান্ত বিশ্বাস বলেন,খোদ এসপি স্যর দুর্ঘটনা রুখতে সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছেন।তাঁর নির্দেশেই আমরা গাড়ি চালকদের সচেতন করছি।আবার পিকনিক স্পষ্ট গুলিতে গিয়েও পোস্টার নিয়ে সচেতনতা প্রচার চালানো হচ্ছে।পিকনিকের মরশুম জুড়েই আমাদের এমন সচেতনতা প্রচারাভিযান চলবে।

এদিকে এক শ্রেণির গাড়ি চালকদের অভিযোগ, বর্তমানে বেশিরভাগ গাড়ির সামনের হেডলাইট সাদা রংয়ের হওয়ায় কুয়াশার মধ্যে আলো প্রতিফলিত হয়ে সমস্যা আরও বেড়েছে। ফলে অল্প কুয়াশাতেই গাড়ি চালানো কঠিন হয়ে পড়ছে। দুর্ঘটনা এড়াতে তাই আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপারের দপ্তর থেকে প্রতিটি থানাকে বাড়তি সতর্কতা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে টহলদারি আরও বাড়ানোর কথাও বলা হয়েছে।

ফালাকাটার ট্রাফিক ওসি সাদিকুর রহমান বলেন,প্রতি বছর পিকনিকের মরশুমে দুর্ঘটনা বাড়ে।আমরা তাই দুর্ঘটনা কমাতে চালকদের পাশাপাশি পিকনিকে আসা মানুষদের সচেতন করছি।এর জন্য দক্ষিণ খয়েরবাড়ি,কুঞ্জনগরকে বেছে নিয়েছি। আশা করছি মানুষ সচেতন হয়েই যাতায়াত করবেন।

ফালাকাটার পুলিশ চালকদের গাড়ি থেকে নামিয়ে চোখে-মুখে জলের ছিটে দিয়ে দিচ্ছে।পাশাপাশি চা ও বিস্কুটের ব্যবস্থাও করছেন। ধীরে গাড়ি চালানো এবং ফগ লাইট জ্বালিয়ে চলার পরামর্শ দিচ্ছেন পুলিশকর্মীরা।

# ৪ দিন ধরে নিখোঁজ ছিলেন, পুকুর থেকে উদ্ধার বিজেপি কর্মীর দেহ



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

৪ দিন ধরে নিখোঁজ বিজেপি কর্মীর দেহ উদ্ধার ঘিরে রহস্য। বাড়ি থেকে ৫০ মিটার দূরের পুকুর থেকে উদ্ধার হয় দেহ। পরিবারের অভিযোগ, খুন করে দেহ ফেলা হয়েছে পুকুরে। ঘটনাকে ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে পূর্ব মেদিনীপুরের ময়নার সুদামপুরে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, মৃতের নাম সুব্রত অধিকারী (৩৩)।সেই পুরনো শত্রুতার জেরেই এই ঘটনা কিনা প্রশ্ন উঠছে। এই ঘটনাকে কেন্দ্র করে সুর চড়িয়েছে বিজেপি। ময়না ব্লক বিজেপি প্রমুখ সুজিত বেরা বলেন, "ওই এলাকায় তৃণমূলের মদতপুষ্ট সমাজবিরোধীদের দাপট রয়েছে এবং তারাই এই ঘটনার সঙ্গে যুক্ত। অবিলম্বে নিরপেক্ষ তদন্ত ও দোষীদের গ্রেফতার করতে হবে।" অন্যদিকে, খুনের দায় সম্পূর্ণ অস্বীকার করেছে তৃণমূল। শাসক শিবিরের দাবি, এটি একটি অস্বাভাবিক মৃত্যুর ঘটনা এবং বিজেপি ভোট সামনে রেখে মৃতদেহ নিয়ে রাজনীতি করার চেষ্টা করছে। জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, ময়নাতদন্তের রিপোর্ট এলেই মৃত্যুর প্রকৃত কারণ স্পষ্ট হবে এবং ঘটনার সবকটি দিক খতিয়ে দেখা হচ্ছে।তিনি সুদামপুরের ১৯৪ নম্বর বুথ এলাকার বাসিন্দা। পুলিশ ও পরিবার সূত্রে জানা গিয়েছে, গত রবিবার থেকে নিখোঁজ ছিলেন সুব্রত। ৪ দিন পরে বাড়ি

এরপর ৩ পাতায়

(১ম পাতার পর)

# সন্দেশখালিতে আক্রান্ত পুলিশ

এলাকায়। ২০২৩-এর ১৬ মে এগরায় বিস্ফোরণের পর জনরোষের মুখে পড়েছিল পুলিশ। টেনে নিয়ে যাওয়া হয় আইসিকে। ছিঁড়ে দেওয়া হয় জামা। পূর্ব বর্ধমানের আউশগ্রামে ২০১৭-র জানুয়ারি মাসে হামলা চালানো হয়। আগুন লাগিয়ে দেওয়া হয় থানার খড়ের ঘরে। বীরভূমের দুবরাজপুরের আউলিয়া গ্রামে তৃণমূল-সিপিএম সংঘর্ষ থামাতে গিয়ে বোমার আঘাতে গুরুতর জখম হন দুবরাজপুর থানার SI অমিত চক্রবর্তী। ১ মাস ২৫ দিন পর মৃত্যু হয় তাঁর। ২০১৪ সালের ১৪ নভেম্বর জমি বিবাদের জেরে বিক্ষোভের নামে আলিপুর থানায় ঢুকে তাণ্ডব চালানো হয়। পুলিশ কর্মীদের মারধর থেকে থানা ভাঙচুর, বাদ যায়নি কিছুই। ফাইলের আড়ালে মাথা বাঁচাতে হয় পুলিশকে।কিন্তু, তারপরেও আদালতের নির্দেশ না মানায় শুক্রবার রাতে রাজবাড়ি ফাঁড়ির পুলিশ বয়ারমারিতে মুসার বাড়িতে যায় এবং তাঁকে থানায় যেতে বলে। তখন মুসা তাঁর অনুগামীদের ফোন করে ডেকে এনে পুলিশের উপর হামলা চালান বলে অভিযোগ।

সন্দেশখালিতে এবার আক্রান্ত ন্যাজাট থানার পুলিশ। এলাকায় তৃণমূলকর্মী বলে পরিচিত অভিযুক্ত মুসা মোল্লাকে ধরতে গিয়ে আক্রান্ত পুলিশ। অভিযুক্তকে গাড়ি থেকে নামিয়ে নেওয়ার অভিযোগ মুসা-অনুগামীদের বিরুদ্ধে। পুলিশের গাড়ি ভাঙচুর, ১ অফিসার-সহ ৬ পুলিশকর্মী জখম। এই ঘটনায় ৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বয়ারমারি ২ গ্রাম পঞ্চায়েতের তৃণমূল প্রধান ও উপ-প্রধানকে আটক করে জিজ্ঞাসাবাদ। কার ইন্ধনে ঘটল ঘটনা? জানতে প্রধান, উপ-প্রধানকে জিজ্ঞাসাবাদ। পুলিশের নোটিসে সাড়া না দেওয়ায় রাতে অভিযুক্তকে ধরতে যায় পুলিশ। হুলোপাড়ায় অভিযুক্ত মুসার বাড়িতে গিয়ে আক্রান্ত হয় পুলিশ।

সন্দেশখালি কমছে না ত্রাস

এর আগে তদন্তে যাওয়া ED আধিকারিকরা আক্রান্ত হয়েছিলেন সন্দেশখালিতে। ২০২৪ সালের ৫ জানুয়ারি আক্রান্ত হয়েছিলেন ED আধিকারিকরা। রেশন কেলেঙ্কারির তদন্তে কেন্দ্রীয় বাহিনীকে নিয়ে শেখ শাহজাহানের বাড়িতে পৌঁছয় ED। তখনই ED ও কেন্দ্রীয় বাহিনীর ওপর হামলা হয়। হামলাকারীদের মধ্যে থেকে শেখ শাহজাহানের নামে ওঠে স্লোগান। মারতে মারতে এলাকাছাড়া করা হয় E D আধিকারিক, কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের। প্রাণভয়ে E D আধিকারিকদের অনেকে আশ্রয় নেন সংবাদ মাধ্যমের গাড়িতে। ভেঙে চুরমার করে দেওয়া হয়েছিল কেন্দ্রীয় বাহিনীর সশস্ত্র জওয়ানদের গাড়ি। ঠিক ২ বছরের মাথায় ফের সন্দেশখালিতে আক্রান্ত রক্ষকরাই। এবার মার খেল রাজ্য পুলিশ।

# SIR শুনানিতে ডাক প্রাক্তন মন্ত্রী কান্তি গাঙ্গুলিকে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রক্রিয়ায় ভোটার তালিকার ম্যাপিংয়ে নাম না থাকায় শুনানিতে ডাক পেলেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী কান্তি গাঙ্গুলি। শুক্রবার দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘি বিধানসভা এলাকায় তাঁর বাড়িতে গিয়ে প্রয়োজনীয় নথিপত্র সংগ্রহ করেন সংশ্লিষ্ট বুথের বুথ লেভেল অফিসার (BLO)।

রায়দিঘি বিধানসভার ২২১ নম্বর বুথের বিএলও কবিতা দাশগুপ্ত প্রাক্তন মন্ত্রীর কাছ থেকে ভোটার সংক্রান্ত সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র নেন। জানা গিয়েছে, SIR প্রক্রিয়ায় ভোটার তালিকার ম্যাপিংয়ে



কান্তি গাঙ্গুলির নাম ‘নট ফাউন্ড’ দেখাচ্ছিল, যার জেরেই এই শুনানি।

কী বললেন প্রাক্তন মন্ত্রী?

ঘটনা প্রসঙ্গে কান্তি গাঙ্গুলি বলেন, ভোটার তালিকায় নাম না থাকায় তিনি নির্বাচন কমিশনকে চিঠিও দিয়েছেন। “প্যান কার্ড, ভোটার কার্ড, প্রাক্তন বিধায়কের পরিচয়পত্র, পাসপোর্ট—সব নথিই জমা দিয়েছি। তবু কোথাও প্রযুক্তিগত সমস্যার কারণে গরমিল থেকে গিয়েছে,” বলেন তিনি।

এরপর ৫ পাতায়

# প্রধানমন্ত্রী নৌদিবসে ভারতীয় নৌবাহিনীর জওয়ানদের শুভেচ্ছা জানিয়েছেন

**নতুন দিল্লি, ৪ ডিসেম্বর ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ নৌদিবস উপলক্ষে ভারতীয় নৌবাহিনীর জওয়ানদের শুভেচ্ছা জানিয়েছেন। শ্রী মোদী জানিয়েছেন, আমাদের নৌবাহিনী ব্যতিক্রমী শৌর্য এবং নিষ্ঠার প্রতিরূপ। তারা আমাদের উপকূল রক্ষা করে এবং আমাদের সামুদ্রিক স্বার্থ বজায় রাখে। শ্রী মোদী বলেছেন, “আমি এবছরের দেওয়ালি কখনও ভুলবো না। ওই দিন আমি আইএনএস বিক্রান্তে কাটিয়েছি নৌসেনাদের সঙ্গে। আগামীদিনের জন্য ভারতীয় নৌবাহিনীকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাই।”

প্রধানমন্ত্রী এক্স-এ পোস্ট করেছেন :

“নৌদিবসের শুভেচ্ছা ভারতীয় নৌবাহিনীর সকল জওয়ানকে। আমাদের নৌবাহিনী ব্যতিক্রমী সাহস এবং নিষ্ঠার সমার্থক। তারা আমাদের উপকূল রক্ষার পাশাপাশি আমাদের সামুদ্রিক স্বার্থকে রক্ষা করে। সাম্প্রতিক বছরগুলিতে আমাদের নৌবাহিনী নজর দিয়েছে স্বনির্ভরতা এবং আধুনিকীকরণের ওপর। এতে বৃদ্ধি পেয়েছে আমাদের নিরাপত্তার সরঞ্জাম।

আমি এবছরের দেওয়ালি ভুলতে পারবো না। ওই দিনটি আমি কাটিয়েছি নৌবাহিনীর জওয়ানদের সঙ্গে আইএনএস বিক্রান্তের ওপর। আগামীদিনগুলির জন্য ভারতীয় নৌবাহিনীকে জানাই আমার শুভেচ্ছা।”

## সম্পাদকীয়

### আত্মসমর্পণ হিডমার সমসাময়িক মাওবাদী শীর্ষনেতার

আত্মসমর্পণ করলেন আরও এক মাওবাদী শীর্ষনেতা বারসে দেব। শুধু তিনিই নয়, শনিবার সিপিআই (মাওবাদী)-এর তেলঙ্গানা রাজ্য কমিটির কয়েক জন কমান্ডার এবং ক্যাডারও আত্মসমর্পণ করেছেন পুলিশের কাছে। যা থেকে মনে করা হচ্ছে, তেলঙ্গানায় মাওবাদীদের কফিনে শেষ পেরেক পোঁতা হল।পুলিশ সূত্রে খবর, বারসে ভীষণই কৌশলী ছিলেন। বিভিন্ন জায়গায় পুলিশ এবং নিরাপত্তাবাহিনীর উপর হামলায় তাঁর নাম উঠে এসেছিল। ২০১৩ সালে ছত্তিশগড়ে ঝিরাম ঘাতি হামলার ঘটনাতেও নাম জড়িয়েছিল। তাই তাঁর আত্মসমর্পণে মাওবাদীদের কোমর ভেঙে যাবে বলেই মনে করছেন পুলিশকর্তারা। শিবধারা বলেন, "মাওবাদীদের সবচেয়ে ভয়ানক গোষ্ঠীর এখনও ছন্নছাড়া অবস্থা। আগে তাতে সদস্য সংখ্যা অন্তত ৪০০ ছিল। এখন তা কমে ৬০-এ দাঁড়িয়েছে। অতএব, শেষের শুরু।"বারসে গেরিলাবাহিনীর কমান্ডার ছিলেন। ছত্তিশগড়ের সুকমা জেলার পুভার্থি গ্রামের বাসিন্দা এই নেতা সদ্যনিহত মাধবী হিডমার সমসাময়িক। দণ্ডকারণ্য স্পেশাল জোনাল কমিটির সদস্য বারসের মাথার দাম ছিল ৭৫ লাখ টাকা। এ ছাড়াও আত্মসমর্পণ করেছেন মাওবাদী নেতা কঙ্কনালা রাজি রেড্ডি ওরফে বেঙ্কটেশ। আত্মসমর্পণ করেছেন আরও ১৮ জন ক্যাডার, যাঁরা দীর্ঘ দিন ধরেই 'আন্ডারগ্রাউন্ড' ছিলেন। তাঁদের কাছ থেকে উদ্ধার হয়েছে ৪৮টি আগ্নেয়াস্ত্র এবং ২২০০টি কার্তুজ, দু'টি এলএমজি এবং অত্যাধুনিক অস্ত্র। তার মধ্যে রয়েছে মার্কিনি কোল্ট এবং ইজরায়েলি টেভর। তেলঙ্গানার ডিজিপি শিবাধর রেড্ডি বলেন, "ওঁরা সাধারণত পুলিশ বা নিরাপত্তাবাহিনীর অস্ত্র ছিনিয়ে এনে ওঁদের ভান্ডারে মজুত করে। কিন্তু টেভর কোথা থেকে পেল, সেটা খতিয়ে দেখা হচ্ছে।"

## তুমি লক্ষ্মী-সরস্বতী



মৃত্যুঞ্জয় সরদার

(দ্বাদশতম পর্ব)



সরস্বতী নদীর বিনাশ ঘটেছিল অবশ্যই বৈদিক যুগের শেষভাগে, একমতে খ্রিস্টের দেড় হাজার বছরেরও আগে। মহাভারতে আছে যে নিষাদদের চোখের আড়ালে থাকার জন্য বিনাশণ নামক স্থানে মরুভূমিতে অদৃশ্য হয়েছে। নদীর স্থানীয় নামই এই ঐতিহ্য বহন করছে। আবার অনেকে বলেন, সিন্ধুনদই সরস্বতী। সরস্বতী ও

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(২ পাতার পর)

## ৪ দিন ধরে নিখোঁজ ছিলেন, পুকুর থেকে উদ্ধার বিজেপি কর্মীর দেহ

থেকে মাত্র ৫০ মিটার দূরে দেহ উদ্ধার ঘিরে একাধিক প্রশ্ন উঠছে। বিজেপির দাবি, সুব্রত বিজেপির সক্রিয় কর্মী ছিলেন।

প্রসঙ্গত, গত রবিবার সন্ধেয় বলাইপণ্ডা এলাকায় একটি হনুমান পুজোর অনুষ্ঠানে গিয়েছিলেন সুব্রত। সেখানে একটি মদের আসরে তাঁকে শেষবার দেখা গিয়েছিল বলে জানা গিয়েছে। এরপর আর বাড়ি না ফেরায় সোমবার ময়না থানায় নিখোঁজ অভিযোগ করে পরিবার। অবশেষে বৃহস্পতিবার বাড়ির অদূরেই একটি পুকুরে তাঁর দেহ ভেসে ওঠে।

উদ্ধার হওয়া দেহের জামার পকেটে না ভেজা অবস্থায় বিড়ি ও দেশলাই মিললেও তার মোবাইল ফোনটির কোনও হদিশ পাওয়া যায়নি। সুব্রতর মা কাজল অধিকারীর দাবি, তাঁর ছেলেকে পরিকল্পিতভাবে অন্য কোথাও খুন করে পুকুরে ফেলে দেওয়া হয়েছে। তাঁর কথায়, তিনদিন ধরে জলে থাকলে দেহের যে অবস্থা হওয়ার কথা ছিল সুব্রতর ক্ষেত্রে তেমনটা হয়নি! এর আগে একবার সুব্রতকে অপহরণ করে মহিষাদলে আটকে রাখা হয়েছিল এবং টাকা হাতিয়ে মারধর করে ছেড়ে দেওয়া হয়েছিল বলে পরিবার সূত্র থেকে জানা গিয়েছে।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ধ্বজাগ্রকেয়ূরা।। অক্ষোভ্য-কুলের এই দেবীর দুইটি মূর্তি কল্পনা করা হয়। এবং এই দুটি মূর্তির ভিতর বিশেষ পার্থক্যও দেখা যায়।

প্রথমটিতে দেবী কৃষ্ণ বা নীল বর্ণ। ত্রিমুখী ও চতুর্ভুজা।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# চিবানো তামাক, জর্দা গন্ধযুক্ত তামাক এবং গুটখা তৈরির মেশিনের ওপর আরোপিত শুল্ক নিয়ে প্রতিনিয়ত জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

নয়াদিল্লি, ১ জানুয়ারি, ২০২৬

(শেষ পর্ব)

শর্তাবলী কী কী?

মূল্যমান হ্রাস দাবি করার জন্য, প্রস্তুতকারককে কমপক্ষে তিন কর্মদিবস আগে বিভাগকে অবহিত করতে হবে এবং বিভাগ কর্তৃক মেশিনটি সিল করা আবশ্যক।

২৫. ব্যবহার না করলেও কি মেশিনগুলি চালু আছে বলে মনে করা হয়?

হ্যাঁ। কারখানায় স্থাপিত যেকোনো প্যাকিং মেশিন বিধিমালার বিধান অনুসারে সিল না করা থাকলে তা চালু আছে বলে মনে করা হয়।

২৬. মেশিন সিল করার পদ্ধতি কী?

প্রস্তুতকারককে পনেরো দিন বা তার বেশি সময় ধরে কোনও স্থাপন করা মেশিন চালু না থাকার কমপক্ষে ৩ কার্যদিবস আগে, সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা কেন্দ্রীয় আবগারির সহকারী কমিশনারকে অবহিত করতে হবে।

২৭. মেশিন সিল করার পদ্ধতি কী?

প্রস্তুতকারককে পনেরো দিন বা তার বেশি সময় ধরে কোনও স্থাপিত হওয়া মেশিন চালু না থাকার কমপক্ষে ৩ কার্যদিবস আগে, সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা কেন্দ্রীয় আবগারির সহকারী কমিশনারকে অবহিত করতে হবে।

২৮. কারখানা থেকে বিক্রি বা নিষ্পত্তির জন্য মেশিন অপসারণের পদ্ধতি কী?

যে তারিখ থেকে মেশিন অপসারণের কথা বলা হয়েছে, সেই তারিখ থেকে কমপক্ষে ৩ কার্যদিবস আগে কেন্দ্রীয় আবগারির জেলা প্রশাসক বা সহকারী কমিশনারকে অবহিত করতে হবে।

২৯. সিসিটিভি স্থাপন কি বাধ্যতামূলক?

হ্যাঁ। প্যাকিং মেশিন পরিচালনাকারী প্রতিটি প্রস্তুতকারককে সমস্ত প্যাকিং মেশিন এলাকা জুড়ে একটি কার্যকরী সিসিটিভি ব্যবস্থা মোতায়েন করতে হবে এবং তার ফুটেজ কমপক্ষে চব্বিশ মাস সংরক্ষণ করতে হবে।

৩০. ছাড় কি পাওয়া যায়?

কেন্দ্রীয় আবগারি বিধিমালার ধারা ১৮ এর অধীনে সেন্ট্রাল আবগারি শুল্কের উপর কোন ছাড় পাওয়া যায় না।

৩১. যদি কোনও কারখানা কাজ বন্ধ করে দেয়, তাহলে অগ্রিম পরিশোধিত শুল্কের কী হবে?

উৎপাদককে নিবন্ধন প্রত্যাহারের জন্য একটি নোটিশ দাখিল করতে হবে। উক্ত বিধিমালার বিধি ২১-এ নির্ধারিত পদ্ধতিতে আবগারি সমন্বয় বা ফেরত দেওয়া হবে।

৩২. আবগারি শুল্ক পরিশোধ ছাড়া কি রপ্তানি অনুমোদিত?

না। ক্ষমতা-ভিত্তিক লেভি স্কিমের অধীনে আবগারি শুল্ক পরিশোধ ছাড়া বিজ্ঞপ্তিকৃত পণ্য রপ্তানি অনুমোদিত নয়।

(৩ পাতার পর)

# SIR শুনানিতে ডাক প্রাক্তন মন্ত্রী কান্তি গাঙ্গুলিকে

তাঁর মতে, বিষয়টি পুরোপুরি প্রশাসনিক ও প্রযুক্তিগত। “২০০২ সালের ভোটার তালিকাতেও আমার নাম ছিল। তা সত্ত্বেও এবার শুনানিতে ডাকা হয়েছে,” জানান তিনি।


প্রশাসনের বক্তব্য

বিএলও সূত্রে জানা গিয়েছে, সমস্ত নথি থাকা সত্ত্বেও সিস্টেমে বারবার ‘নট ফাউন্ড’ দেখাচ্ছিল। বিষয়টি বিডিও স্তরেও খতিয়ে দেখা হয়, কিন্তু তাতেও তাৎক্ষণিক সমাধান মেলেনি। শেষ পর্যন্ত নিয়ম মেনে সব নথি নতুন করে জমা নেওয়া হয়।

SIR প্রক্রিয়া নিয়ে কী মত কান্তি গাঙ্গুলির?

এই প্রক্রিয়াকে সমর্থন করে প্রাক্তন মন্ত্রী বলেন, “SIR দেশের স্বার্থেই করা হচ্ছে। নোটিস পেলে নথি দেওয়া প্রত্যেক নাগরিকের দায়িত্ব। অসুস্থ বা অক্ষমদের ক্ষেত্রে বিএলও-রা বাড়িতে গিয়ে নথি নিচ্ছেন—এতে আপত্তির কিছু নেই।” তিনি আরও বলেন, এই প্রক্রিয়ায় সব রাজনৈতিক দলেরই সহযোগিতা করা উচিত, অকারণে বিভ্রান্তি ছড়ানো ঠিক নয়।

নির্বাচন কমিশনের দাবি, ভোটার তালিকা আরও নির্ভুল ও স্বচ্ছ করতেই এই বিশেষ সংশোধন প্রক্রিয়া, এবং প্রয়োজনে যে কোনও নাগরিককেই শুনানির আওতায় আনা হতে পারে—তিনি পরিচিত মুখ হন বা সাধারণ ভোটার।


পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর


Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu Sardar
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# গাজায় এনজিওর উপর নিষেধাজ্ঞা প্রত্যাহারের আহ্বান জাতিসংঘ মহাসচিবের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস গতকাল শুক্রবার গাজায় সাহায্য সরবরাহকারী মানবিক সংস্থাগুলোর ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য ইসরায়েলের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, তিনি এই নিষেধাজ্ঞা আরোপের ঘটনায় 'গভীরভাবে উদ্বিগ্ন'। খবর বার্তা সংস্থা এএফপি'র।

জাতিসংঘ মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক এক বিবৃতিতে বলেন, গুতেরেস এই পদক্ষেপটি প্রত্যাহারের জন্য ইসরায়েলের প্রতি আহ্বান জানান এবং জোর দিয়ে বলেন, আন্তর্জাতিক বেসরকারি সংস্থাগুলো জীবনরক্ষাকারী মানবিক কাজের জন্য অপরিহার্য এবং এই স্থগিতাদেশটি যুদ্ধবিরতির সময়ে অর্জিত ভঙ্গুর অগ্রগতিকে ঝুঁকির



মুখে ফেলতে পারে। এই সাম্প্রতিক পদক্ষেপটি ফিলিস্তিনিদের মানবিক সংকট আরও বাড়াবে।

সরকারি কর্মকর্তাদের সাথে তাদের ফিলিস্তিনি কর্মীদের তালিকা ভাগাভাগি করতে অস্বীকৃতি জানানোর পর বৃহস্পতিবার ৩৭টি বিদেশী মানবিক সংস্থাকে গাজা উপত্যকায় প্রবেশে নিষেধাজ্ঞা দিয়েছে ইসরায়েল। নিষেধাজ্ঞার মধ্যে রয়েছে ডক্টরস উইদাউট বর্ডার্স (এমএসএফ), যার ফিলিস্তিনি অঞ্চলে ১ হাজার ২শ' কর্মী রয়েছে। এদের অধিকাংশই গাজায় অবস্থান করছে।

নিষেধাজ্ঞার মধ্যে থাকা এনজিওগুলোকে ১ মার্চের মধ্যে তাদের কার্যক্রম বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছে। কিছু এনজিও বলেছে, এই শর্তাবলী আন্তর্জাতিক মানবিক আইনের সঙ্গে বিরোধপূর্ণ। ইসরায়েল বলেছে, নতুন এই নিয়ন্ত্রণের লক্ষ্য হল ফিলিস্তিনি ভূখণ্ডে সন্ত্রাসবাদকে সমর্থন করার অভিযোগে অভিযুক্ত সংস্থাগুলোকে তাদের কার্যক্রম থেকে বিরত রাখা।

গত বৃহস্পতিবার, ১৮টি ইসরায়েল-ভিত্তিক বামপন্থী এনজিও তাদের আন্তর্জাতিক সহযোগীদের নিষিদ্ধ করার সিদ্ধান্তের নিন্দা জানিয়ে বলেছে, 'নতুন নিবন্ধন কাঠামো স্বাধীন এবং নিরপেক্ষতার মূল মানবিক নীতি লঙ্ঘন করছে।

২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলের ওপর হামাসের আক্রমণের জবাবে ইসরায়েল কর্তৃক পরিচালিত এক মারাত্মক যুদ্ধের পর গত অক্টোবর মাস থেকে একটি ভঙ্গুর যুদ্ধবিরতি কার্যকর রয়েছে।

## কল্যাণীর বাংলা সংস্কৃতি উৎসবে আয়োজিত ICOPএ পাওয়া গেল ইতিবাচক সাড়া

**কল্যাণী, নদিয়া, ৩ জানুয়ারি, ২০২৬**

আজ কল্যাণী, নদিয়ার সেন্ট্রাল পার্কে কলকাতার কেন্দ্রীয় সঞ্চার ব্যুরোর (CBC) আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত ইন্টিগ্রেটেড কমিউনিকেশন অ্যান্ড আউটরিচ প্রোগ্রাম (ICOP)–এর দ্বিতীয় দিনে, অন্যতম প্রধান আকর্ষণ ছিল বিকশিত ভারত–গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) আইন, ২০২৫ (VB-G RAM G আইন, ২০২৫) বিষয়ক একটি সেমিনার।

সেমিনারে বক্তব্য রাখেন গ্রামীণ উন্নয়ন মন্ত্রকের উপসচিব শ্রী সুমন মজুমদার। তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন প্রেস ইনফরমেশন ব্যুরোর পূর্বাঞ্চলীয় শাখার মহানির্দেশক শ্রী টি. ভি. কে. রেড্ডি-সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

শ্রী মজুমদার VB-G RAM G আইন, ২০২৫-এর প্রধান সুবিধাগুলি তুলে ধরেন তাঁর বক্তব্যে। তিনি জানান, এই নতুন আইনের আওতায় প্রতিটি গ্রামীণ পরিবারকে বছরে নিশ্চিত কর্মদিবস ১০০ দিন থেকে বাড়িয়ে ১২৫ দিন করা হয়েছে। এই নতুন আইনে জীবিকা, গ্রামীণ পরিকাঠামো ও উৎপাদনশীল সম্পদ সৃষ্টির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

তিনি আরও ব্যাখ্যা করে বলেন, সমন্বিত কাঠামো (convergent framework), স্যাচুরেশন বা পরিপূর্ণতা-ভিত্তিক পরিকল্পনা গ্রহণ এবং বিকশিত ভারত ২০৪৭-এর লক্ষ্যকে সামনে রেখে পূর্ববর্তী আইনকে পুনরায় সামঞ্জস্যপূর্ণ করা এই আইনের প্রধান বৈশিষ্ট্য।

শ্রী মজুমদার প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ, সময়মতো মজুরি প্রদান, বেকার ভাতা ও অন্যান্য সুবিধা এবং নারী কর্মশক্তির সম্প্রসারণ সংক্রান্ত বিধানগুলির উপরও বিশেষ গুরুত্ব আরোপ করেন।

সেমিনারের শেষে শ্রী মজুমদার উপকারভোগীদের সঙ্গে মতবিনিময় করেন এবং তাঁদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। VB-G RAM G আইন, ২০২৫ বিষয়ক একটি কুইজের মাধ্যমে সেমিনারের সমাপ্তি হয়।

ICOP–এর অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন প্রকল্পের সুবিধাভোগী, কারিগর ও অন্যান্য উপকৃতরা।

## নির্বাচন কমিশন ১০ জানুয়ারির মধ্যে ইসিআইনেট উন্নত করার জন্য নাগরিকদের কাছ থেকে পরামর্শ চেয়েছে

**নতুন দিল্লি, ৩ জানুয়ারি ২০২৬**

ভারতের নির্বাচন কমিশন সকল নাগরিককে ইসিআইনেট অ্যাপটি ডাউনলোড করতে এবং অ্যাপের 'সাবমিট এ সাজেশন' ট্যাবটি ব্যবহার করে অ্যাপটির উন্নতির জন্য তাদের পরামর্শ দিতে আমন্ত্রণ জানিয়েছে। নাগরিকরা চলতি মাসের ১০ তারিখ পর্যন্ত তাদের পরামর্শ জমা দিতে পারবেন।

নতুন ইসিআইনেট অ্যাপের পরীক্ষামূলক সংস্করণটি উন্নত ভোটার পরিষেবা, ভোটদানের শতাংশের প্রবণতা দ্রুত উপলব্ধ করা এবং ভোটগ্রহণ শেষ হওয়ার ৭২ ঘণ্টার মধ্যে ইনডেক্স কার্ড প্রকাশের মত সুবিধা প্রদান করে। এই কাজের জন্য আগে কয়েক সপ্তাহ বা মাস সময় লাগত। অ্যাপটি বিহার বিধানসভা নির্বাচন ২০২৫ এবং উপনির্বাচনের সময় সফলভাবে পরীক্ষা করা হয়েছিল।

সিইও, ডিইও, ইআরও, পর্যবেক্ষক এবং ফিল্ড পর্যায়ের কর্মকর্তাদের প্রতিক্রিয়ার ভিত্তিতে প্ল্যাটফর্মটিকে ক্রমাগত উন্নত ও পরিমার্জন করা হচ্ছে। ব্যবহারকারীদের পরামর্শগুলো পরীক্ষা করা হবে এবং এটিকে আরও ব্যবহারকারী-বান্ধব করার জন্য প্ল্যাটফর্মটি আপডেট করা হবে। ইসিআইনেট প্ল্যাটফর্মটি এই মাসেই আনুষ্ঠানিকভাবে চালু করা হবে।

ইসিআইনেট হল প্রধান নির্বাচন কমিশনার শ্রী জ্ঞানেশ কুমার এবং নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সান্ধু ও ডঃ বিবেক জোশীর নেতৃত্বে কমিশনের নেওয়া অন্যতম প্রধান একটি উদ্যোগ। ২০২৫ সালের ৪ঠা মে অ্যাপের কথা ঘোষণার পর ইসিআইনেট অ্যাপটি তৈরির কাজ শুরু হয়।

ইসিআইনেট অ্যাপটি নাগরিকদের জন্য একটি একক, সমন্বিত অ্যাপ, যা পূর্ববর্তী ৪০টি পৃথক নির্বাচন-সম্পর্কিত অ্যাপ্লিকেশন/ওয়েবসাইট যেমন ভোটার হেল্পলাইন অ্যাপ (ভিএইচএ), ইভিজিআইইএল সক্ষম, পোলিং ট্রেন্ডস (ভোটার টার্নআউট অ্যাপ), আপনার প্রার্থীকে জানুন (কেওয়াইসি) অ্যাপকে একটি ইন্টারফেসে একত্রিত করেছে। অ্যাপটি গুগল প্লে স্টোর এবং অ্যাপল অ্যাপ স্টোর উভয় থেকেই ডাউনলোড করা যাবে।

# সিনেমার খবর

## কৌশিক সেনের সঙ্গে 'জড়িয়ে গেলেন' প্রিয়াংকা, প্রকাশ্যে এলো ছবি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



একদিকে বড়দিনের আমেজ, অন্যদিকে জোরকদমে চলছে শুটিং। দুই-দুটি সিনেমা ফ্লোরে। দুটি সিনেমা দুই রকমের। অনির্বাণ চক্রবর্তী ও সায়ন্তন মুখোপাধ্যায় তাদের নতুন সিনেমা 'উল্টোরথ' ও 'মহেশ'-এর শুটিং করছেন। প্রযোজনায় আছেন ক্যামেলিয়া।

দুটি সিনেমাতেই একাধিক চমক রয়েছে। 'উল্টোরথ' সিনেমার মূল আকর্ষণ হচ্ছে অভিনেতা কৌশিক সেন ও প্রিয়াংকা সরকারের অসম জুটি। এ সিনেমার পরিচালক অনির্বাণ চক্রবর্তী বলেছেন, গল্পও ততটাই আকর্ষণীয়। এক পরিবারে তিন প্রজন্মের পুরুষ থাকেন। তাদের দুজন বিপত্নীক। এ বাড়িতে জিনিস বিক্রি করতে এসে জড়িয়ে যাবেন এক নারী। তিন প্রজন্মকে পর্দায় তুলে ধরবেন বিশ্বজিৎ চক্রবর্তী, কৌশিক সেন ও আয়ুশ। 'সেলসগার্ল'-এর ভূমিকায় থাকছেন প্রিয়াংকা সরকার।

হঠাৎ এ রকম অসম বয়সি জুটি বাছলেন কেন?—সম্প্রতি একটি গণমাধ্যমের এক সাক্ষাৎকারে এমন প্রশ্ন করা হয় পরিচালককে। নির্মাতা জানিয়েছেন, এখানে কেউ কারও জুটি নয়। প্রত্যেক চরিত্র নিজেদের মতো করে গুরুত্বপূর্ণ। তবে হ্যাঁ, চিত্রনাট্য মেনে কৌশিক-প্রিয়াংকা পর্দায় সম্পর্কে জড়াবেন কিনা, সেটি হলে গিয়ে জানা যাবে।

ইতোমধ্যে সিনেমার দুদিন শুটিং হয়ে গেছে। অনির্বাণ বলেন, প্রিয়াংকা ছাড়া বাকিদের সঙ্গে আগেও কাজ করেছি। নায়িকা ভীষণ সহযোগিতা করছেন। আর প্রিয়াংকার অভিনয় নিয়ে নতুন করে কিছু বলার নেই।

একইভাবে দিন তিনেকের শুটিং সেরে ফেলেছেন 'ফুটানিগঞ্জের মহেশ' সিনেমার পরিচালকও। শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা গল্প আমার ছবির বিষয়। আধুনিক যুগের নিরিখে দেখানো হবে গোটা বিষয়। সেই অনুযায়ী সিনেমার ভেতরে সিনেমা। এক পরিচালকের চোখ দিয়ে দেখানো হবে সবটা। মুখ্য চরিত্রাভিনেতা হিসাবে একজন ষাঁড়কেই পেতে চান পরিচালক! যদিও তিনি জানেন, এর জন্য তিনি সেন্সরের ছাড়পত্র না-ও পেতে পারেন।

এদিকে জীবন্ত ষাঁড়ের সঙ্গে অভিনয় করতে করতে তারও মায়া পড়ে যায় 'মহেশ' গল্পের 'গফুর'-এর মতো। যথারীতি সেন্সর বোর্ড আটকায় পরিচালকের ছবিটি।

এই প্রথম মুখ্য ভূমিকায় অভিনয় করতে দেখা যাবে লোকনাথ দে-কে। খলনায়কের ভূমিকায় অর্ণ মুখোপাধ্যায়। এ ছাড়া থাকবেন খরাজ মুখোপাধ্যায়, অনুরাধা মুখোপাধ্যায়, অমিত সাহা প্রমুখ। সায়ন্তনের দাবি, তার নিজের জীবনের ঘটনাই ছায়া ফেলবে এ সিনেমায়।

## বিয়ের আগেই শেষ ব্যাচেলর হানিমুনে কোথায় গেলেন বিজয়-রাশমিকা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




দক্ষিণী সিনেমা ইন্ডাস্ট্রির জনপ্রিয় অভিনেত্রী রাশমিকা মান্দানা ও অভিনেতা বিজয় দেবেরাকোন্ডা দীর্ঘ সাত বছর সম্পর্কে থাকার পর গোপনে বাগদান সেরে ফেলেন। কিন্তু এরপরও সম্পর্ক নিয়ে কোনো কথা বলেননি এ তারকা জুটি।

এর মধ্যেই সামাজিক মাধ্যমে গুঞ্জন ছড়িয়েছে— গত ৩ অক্টোবর হায়দরাবাদের বাড়িতে একদম ঘরোয়া পরিবেশে আনুষ্ঠানিকভাবে আংটিবদল করেছেন তারা। খুব শিগগির নাকি চারহাত এক হতে চলেছে তাদের। এমন খবরই ছড়িয়ে পড়ে সামাজিক মাধ্যমে। তবে এবার সেই গুঞ্জন বাস্তবে রূপ নিতে যাচ্ছে বলে খবর চাউর হয়েছে সিনেপাড়ায়। জানা গেছে, আগামী বছরের ফেব্রুয়ারিতে রাজস্থানের এক রাজপ্রাসাদে বিয়ের পিঁড়িতে বসতে যাচ্ছেন এ তারকা জুটি। আর সেই রাজকীয় বিয়ের আগে এবার 'ব্যাচেলর হানিমুনে' বিদেশে পাড়ি জমালেন তারা।

গণমাধ্যম সূত্রে জানা গেছে, বুধবার (২৪ ডিসেম্বর) গভীর রাতে হায়দরাবাদ বিমানবন্দর থেকে অজানার উদ্দেশ্যে উড়াল দিয়েছেন বিজয় ও রাশমিকা। পাপারাজ্জিদের নজর এড়াতে বেশ সতর্ক ছিলেন তারা। দুজনের পরনেই ছিল ধূসর রঙের হুডি ও মুখে কালো মাস্ক। একেবারে সাদামাটা বেশে বিমানবন্দরে পৌঁছালেও শেষ রক্ষা হয়নি তাদের। ক্যামেরা এড়িয়ে তারা বিমানবন্দরের ভেতরে প্রবেশ করলেও সামাজিক মাধ্যমের কল্যাণে মুহূর্তেই সেই দৃশ্য ভাইরাল হয়ে পড়ে।

পরে সামাজিক মাধ্যমে নিজের ইনস্টাগ্রামে একটি ছবি শেয়ার করে জল্পনা আরও উসকে দেন বিজয়। ছবিতে দেখা যায়, দীর্ঘ সফরের ক্লান্তি শেষে বিমানবন্দরে বিশ্রাম নিচ্ছেন তিনি। আর তার হাতে একটি পোলারয়েড ছবি, যা রাশমিকা তুলেছেন বলে ধারণা করা হচ্ছে। ছবির ক্যাপশনে অভিনেতা লিখেছেন—কয়েক মাসের হাড়ভাঙা খাটুনির পর এবার ছুটির সময়।

## হোটেলে অচেনা পুরুষের সঙ্গে জ্যাকুলিন, ভিডিও ভাইরাল



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বেশ কিছু দিন আগের ঘটনা। বিদেশে বলি বাদশাহ শাহরুখ খানের সঙ্গে জুতা কিনছিলেন মেয়ে সুহানা খান। সেই ভিডিও মুহূর্তে ছড়িয়ে পড়েছিল সামাজিক মাধ্যমে। একই ঘটনা ঘটল বলিউড অভিনেত্রী জ্যাকুলিন ফার্নান্দেজের সঙ্গে। দিল্লিতে এক পুরুষের সঙ্গে হোটেলে দেখা গেছে তাকে। যদিও কে তিনি, তা জানা যায়নি। সেই ভিডিও সামাজিক মাধ্যমে নেটিজেনদের মাঝে দ্রুতই ভাইরাল হয়ে পড়ে।

গণমাধ্যম সূত্রে জানা গেছে, দিল্লির এক হোটেলে বন্ধুদের সঙ্গে খেতে গিয়েছিলেন অভিনেত্রী। কোনো এক অজ্ঞাত ব্যক্তি ভিডিও করেছেন। সেখানেই নায়িকাকে দেখে অবাক ওই ব্যক্তি। জ্যাকুলিন কার সঙ্গে বসেছিলেন বা গল্প করছিলেন তা বোঝা যায়নি। সামাজিক মাধ্যমে সেই ভিডিও দিয়ে জানতে চেয়েছেন, ইনি কি জ্যাকুলিন ফার্নান্দেজ, চিনতে পারলে বলুন?

যদিও এ ক্ষেত্রে গোপনীয়তা লঙ্ঘন নিয়ে কোনো অভিযোগ তোলেননি জ্যাকুলিন। বরং মজার ছলেই নিয়েছেন গোটা বিষয়টি। সেই ব্যক্তিকে উত্তরও দিয়েছেন নায়িকা। তিনি লিখেছেন, হ্যাঁ, ওটা আমিই। তবে দর্শকদের একাংশ তারকাদের গোপনীয়তা নিয়ে প্রশ্ন তুলেছেন।

গত কয়েক বছরে এক নতুন ধারা শুরু হয়েছে। নায়ক-নায়িকারা এখন যেখানেই যান, সেখানেই গিয়ে হাজির হন ফটোসাংবাদিকরা। তা হোটেলের বাইরে হোক কিংবা কোনো অনুষ্ঠানে। এর আগে অভিনেতা রণবীর কাপুর বিরক্ত হয়েছিলেন ফটোসাংবাদিকদের কাণ্ডে। যে কমপ্লেক্সে তারা থাকেন, তার প্রায় ভেতরে ঢুকে পড়েছিলেন তারা। অভিনেত্রী কারিনা কাপুর খান ও সাইফ আলি খান কড়া ভাষায় নির্দেশ দিয়েছেন, যেন তাদের সন্তানদের ছবি না তোলা হয়।

সম্প্রতি স্কুলের অনুষ্ঠান থেকে বাড়ি ফেরার পথে শাহিদ কাপুরের মেয়ে মিশার ছবি তোলায় ক্ষুব্ধ হয়েছিলেন নায়ক।

# ম্যাককালামকে সরিয়ে দেওয়ার পক্ষে মন্টি পানেসার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অ্যাশেজে অস্ট্রেলিয়ার মাটিতে ভরাডুবির পর ইংল্যান্ডের অধিনায়ক বেন স্টোকসের নেতৃত্ব নিয়ে আলোচনা শুরু হয়। এমনকি তিনি পদত্যাগ করতে পারেন এমন গুঞ্জন শুরু হয়। এছাড়া প্রধান কোচ ম্যাককালামের ভবিষ্যৎ নিয়ে শুরু হয়ে গেছে নানা জল্পনা-কল্পনা।

এমন পরিস্থিতিতে দেশটির ক্রিকেটারদের কাছ থেকে উঠে আসছে প্রধান কোচের নাম। ইংল্যান্ডের সাবেক স্পিনার মন্টি পানেসারের মতে, ব্রেন্ডন ম্যাককালামকে সরিয়ে ইংল্যান্ডের নতুন প্রধান কোচ হিসেবে ভারতের সাবেক কোচ রবি শাস্ত্রীকে নিয়োগ দেওয়া উচিত ।

সাংবাদিক সঙ্গে আলাপচারিতায় পানেসার বলেন, অস্ট্রেলিয়াকে হারানোর কৌশল সবচেয়ে ভালো জানেন রবি শাস্ত্রী। মানসিক, শারীরিক ও কৌশলগত- সব দিক থেকেই।

পানেসারের মতে, কে আসলে জানে কীভাবে অস্ট্রেলিয়াকে হারাতে হয়?




তাদের দুর্বলতাকে মানসিক, শারীরিক ও কৌশলগতভাবে কীভাবে কাজে লাগাতে হয়—এই উত্তরটা রবি শাস্ত্রীর কাছে আছে। আমার মনে হয়, ইংল্যান্ডের পরবর্তী হেড কোচ হওয়া উচিত রবি শাস্ত্রী।

ভারতের কোচ হিসেবে শাস্ত্রীর সাফল্যের কথাও মনে করিয়ে দেন পানেসার। তার অধীনে ভারত টেস্ট ক্রিকেটে ইতিহাস গড়ে—২০১৮–১৯ এবং ২০২০–২১ মৌসুমে টানা দুইবার অস্ট্রেলিয়ার মাটিতে সিরিজ জয় করে।

'বাজবল' বনাম অস্ট্রেলিয়া, এই দ্বন্দ্বের সব উত্তেজনা মাত্র ১১ দিনের মধ্যেই স্তিমিত হয়ে যায়। ইনজুরি ও ফর্ম সমস্যায় ভোগা অস্ট্রেলিয়ার বিপক্ষে অ্যাডিলেড টেস্টে ৪৩৫ রানের ঐতিহাসিক লক্ষ্য তাড়া করার সুযোগ পেয়েও ইংল্যান্ড ব্যর্থ হয়। শেষ পর্যন্ত ৮২ রানে হেরে যায় তারা।

যদিও ইংল্যান্ড কিছু সময় ভালো ক্রিকেট খেলেছে, তবে অস্ট্রেলিয়ায় সিরিজ জয়ের অপেক্ষা ঘোচাতে হলে এখনও অনেক কিছু ঠিক করতে হবে, যে কৃতিত্ব তারা শেষবার পেয়েছিল ২০১০–১১ মৌসুমে। এই পরাজয়ের পর ম্যাককালাম ও বেন স্টোকসের নেতৃত্বাধীন 'বাজবল' দর্শনও প্রশ্নের মুখে। আক্রমণাত্মক, ইতিবাচক ও বিনোদনধর্মী ক্রিকেট খেলাই ছিল তাদের মূল দর্শন, বিশেষ করে অ্যাশেজকে সামনে রেখে।

ভারতের কোচ হিসাবে ৪৩টি টেস্টে দায়িত্বে ছিলেন শাস্ত্রী। তার মধ্যে ২৫টিতে জিতেছে ভারত। এক দিনের ক্রিকেটে ৭৬টি ম্যাচের মধ্যে জিতেছে ৫১টিতে। টি-টোয়েন্টিতে ৬৫টি ম্যাচের মধ্যে জিতেছে ৪২টিতে।

মেলবোর্নে শুরু হতে যাওয়া বক্সিং ডে টেস্টে ইংল্যান্ড দলে দুটি পরিবর্তন এনেছে। সিরিজ বাঁচানোর সুযোগ না থাকলেও বাকি ম্যাচগুলোতে সম্মান রক্ষার লড়াই চালিয়ে যেতে চায় সফরকারীরা। অন্যদিকে অস্ট্রেলিয়া চার পেসার নিয়ে দল ঘোষণা করেছে।

## ঠিকানা বদলে যেতে পারে সেমেনিয়োর



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আক্রমণভাগকে আরেকটু মজবুত করতে দলে নতুন মুখ যোগ করার চেষ্টায় আছে ম্যানচেস্টার সিটি। সেই লক্ষ্যে ক্লাবটি বোর্নমাউথের উইঙ্গার অ্যান্টোয়ান সেমেনিয়োকে দলে আনার চেষ্টা করছে। খবর ইএসপিএনের।

ইএসপিএন তাদের প্রতিবেদনে লিখেছে, ঘানা জাতীয় দলের হয়ে ৩২ ম্যাচ খেলা এই ফুটবলার পেপ গুয়ার্দিওলার দলে যোগ দিতে আগ্রহী। অবশ্য কেবল সিটিই নয়, ২৫ বছর বয়সী এই খেলোয়াড়কে পেতে আরও কয়েকটি ক্লাব চেষ্টা করছে বলে শোনা যাচ্ছে এবং ক্লাবগুলো নাকি তার বাই-আউট ক্লজের সাড়ে ছয় কোটি পাউন্ড দিতে প্রস্তুত।

তাই আগামী জানুয়ারিতেই বোর্নমাউথ ছাড়তে পারেন সেমেনিয়ো। তাকে কিনতে ম্যানচেস্টার ইউনাইটেড, টটেনহ্যাম, আর্সেনাল, লিভারপুল ও চেলসির আগ্রহের কথা সংবাদমাধ্যমে এসেছে।

চলতি মৌসুমে দারুণ সময় কাটাচ্ছেন সেমেনিয়ো। এবারের প্রিমিয়ার লিগে ১৬ ম্যাচে আট গোল করে বোর্নমাউথের আক্রমণের ভরসা হয়ে উঠেছেন তিনি।

২০২৩ সালের জানুয়ারিতে ব্রিস্টল সিটি থেকে বোর্নমাউথে যোগ দেওয়া এই উইঙ্গার ক্লাবটির হয়ে এখন পর্যন্ত ১০৬ ম্যাচে ৩০ গোল করেছেন।

## বাভুমাকে 'বামন' বলে গালি দেওয়ায় ক্ষমা চাইলেন বুমরাহ-পান্ত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

কলকাতার ইডেন গার্ডেন্সে অনুষ্ঠিত ভারত বনাম দক্ষিণ আফ্রিকা টেস্টের একটি মুহূর্তে প্রোটিয়া অধিনায়ক টেম্বা বাভুমাকে 'বামন' বলে গালি দিয়েছিলেন জসপ্রিত বুমরাহ এবং রিশাভ পান্ত। তাচ্ছিল্যভরে করা সেই মন্তব্যের জন্য তারা ক্ষমা চেয়েছেন তারা দু'জন। এমনটাই জানিয়েছেন টেম্বা বাভুমা। পাশাপাশি, তিনি কোচ শুকরি কনরাডের 'গ্রোভেল' মন্তব্য নিয়েও মুখ খুলেছেন। দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম টেস্টের প্রথম দিনে একটি রিভিউ নেওয়ার আগে প্রতিপক্ষ অধিনায়ককে 'বামন' বলে কটাক্ষ করেছিলেন জসপ্রিত বুমরাহ। ঘটনাটি ঘটে দক্ষিণ আফ্রিকার ইনিংসের ১৩তম ওভারে। বুমরাহের শেষ বলে সামনের পায়ে ডিফেন্স করেছিলেন বাভুমা। বল লাগে তার প্যাডে। সঙ্গে সঙ্গে এলবিডব্লিউয়ের আবেদন করেন বুমরাহ।

আম্পায়ার সাড়া দেননি। তখন পান্ত এবং বাকিদের সঙ্গে পরামর্শ করেন বুমরাহ। এরপর বুমরাহই বলেন রিভিউ নেবেন না। কারণ বাভুমা 'বাওনা', অর্থাৎ তার উচ্চতা কম। 'বাওনা' শব্দের অর্থ বামন। দক্ষিণ আফ্রিকার অধিনায়কের উদ্দেশ্যে এমন শব্দ প্রয়োগের জন্য অনেকেই সমালোচনা করেছেন বুমরাহের।



'ক্রিকইনফো' ওয়েবসাইটে এ প্রসঙ্গে বাভুমা লিখেছেন, 'একটা ঘটনার কথা মনে আছে। ওরা (ভারতীয়েরা) নিজেদের ভাষায় আমাকে নিয়ে কোনও একটা মন্তব্য করেছিল। দিনের শেষে দু'জন সিনিয়র ক্রিকেটার, রিশাভ পান্ত এবং জসপ্রিত বুমরাহ আমার কাছে এসে ক্ষমা চেয়েছিল।'

বাভুমার সংযোজন, 'ক্ষমা চাওয়ার সময় আমি তো বুঝতেই পারিনি কী নিয়ে কথা হচ্ছে। পুরোপুরি অন্ধকারে ছিলাম। কারণ ওই সময় আমি কথাটা শুনতেই পাইনি। মিডিয়া ম্যানেজারের কাছে খোঁজ নিতে হয়েছিল। যা মাঠে হয়েছে তা মাঠেই থেকে গেছে। তবে যা বলা হয়েছে সেটা ভুলে যাব না কখনও। আমার জ্বালানি এবং অনুপ্রেরণা হিসাবে কাজ করবে সেটা। এখন ওদের প্রতি কোনও রাগ আর নেই।'

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR